

শিক্ষা উপদেষ্টা

পরিষদ আজ

ঘোষণা

শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ শূকুরাবার ঢাকায় ঘোষণা করেছেন, আজ শিক্ষা উপদেষ্টা পরিষদ পুনর্গঠনের কথা ঘোষণা করা হবে।

তিনি বলেন, শিক্ষাবিদ, শিক্ষক, ছাত্র, সাহিত্যিক, কবি ও শিল্পীদের প্রতিনিধিত্ব এই উপদেষ্টা পরিষদে থাকবে।

তিনি শূকুরাবার সম্মান ঢাকা কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির এক বিশেষ সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর বাসসর।

সমিতির সভাপতি অধ্যক্ষ বজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বক্তৃতা করেন সমিতির (শেষের পৃঃ ড-এর ক্রঃ দ্রঃ)

শিক্ষা উপদেষ্টা

(১-এর পরে পর)

সম্পাদক অধ্যাপক আবদুর রহমান খান।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের দেশ এমনিতে ছ'টি শিক্ষা নীতির অভিজ্ঞতা অর্জন করেছে, যার মধ্যে মাত্র একটিই বাস্তবায়িত হয়েছে।

তিনি উল্লেখ করেন আমাদের শিক্ষা নীতিতে অবশ্যই দেশের জনগণের আশা আকাংখার প্রতিফলন ঘটতে হবে।

জনাব জাফর বলেন, আমরা উত্তরাধিকার সূত্রে এমন এক শিক্ষা ব্যবস্থা পেয়েছি, যার লক্ষ্য হচ্ছে প্রচলন কর্তা প্রভুদের সেবা করা।

তিনি উল্লেখ করেন, এই শিক্ষা ব্যবস্থা আমাদের শিক্ষিত করে, কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের উপনিবেশবাদী প্রভুদের ভূত্যে পরিণতও করে।

শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, আমাদের ছেলেমেয়েদের এমন শিক্ষা দিতে হবে যাতে তারা দেশের ষোণ্য নাগরিকরূপে গড়ে উঠতে পারে।

শিক্ষামন্ত্রী জাতীয় উন্নয়নে অবদান রাখার মত শিক্ষার জন্য কারিগরী ও বৃত্তিগত শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

পঞ্চম শ্রেণী পর্যন্ত নোট বই নিষিদ্ধ ঘোষণার কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী হুঁশিয়ার করে দেন এই অপরাধে লিপ্ত ব্যক্তিদের শাস্তি দেওয়া হবে। তিনি জাতির বৃহত্তর স্বার্থে তাদের এই ধরনের নোট বই প্রকাশে বিরত থাকতে বলেন।

শিক্ষকদের জাতির প্রাণশক্তি বলে অভিহিত করে কাজী জাফর বলেন, সমাজে তারাই সব থেকে বেশি মর্যাদার আসনে অধিষ্ঠিত এবং এক্ষেত্রে তাদের দায়িত্বের কথাও শিক্ষামন্ত্রী স্মরণ করিয়ে দেন।

জনাব জাফর আহমদ শিক্ষকদের সমস্যার কথা ধৈর্য ধরে শোনেন এবং তাদের সম্ভাব্য সব ধরনের সাহায্যের আশ্বাস দেন।